



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন -১
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০৪৯.২৪.৪০৬

তারিখ: ১৯ বৈশাখ ১৪৩১

০২ মে ২০২৪

বিষয়: রিট পিটিশন নং ৩১০১/২০২৪ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুল ও আরজি মোতাবেক দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্র প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৩১০১/২০২৪-এর ১২/০৩/২০২৪ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলাধীন নান্দাইল ইউনিয়ন পরিষদের ৫নং ওয়ার্ডের সাধারণ সদস্য পদে জনাব মোঃ লিটন মিয়া ফুটবল প্রতীকে ৭৭৯ ভোট পেয়ে নির্বাচিত হন। তালা প্রতীকে ৭৬৩ ভোট পেয়ে পরাজিত প্রার্থী জনাব মোহাম্মদ আব্দুল ওয়াদুদ খান সবুজ উক্ত ফলাফল পুনঃগণনার প্রার্থনার্থে ইলেকশন ট্রাইব্যুনাল মোকদ্দমা নং ১৯/২০২২ দায়ের করেন। বিজ্ঞ আদালত কর্তৃক ভোট পুনঃগণনায় তালা প্রতীকের প্রার্থী ৮১৫ ভোট পাওয়ায় জনাব মোহাম্মদ আব্দুল ওয়াদুদ খান সবুজ-কে বিজয়ী ঘোষণা করা হয়। এ ফলাফলের বিষয়ে সংস্কৃক হয়ে জনাব মোঃ লিটন মিয়া ইলেকশন আপিল নং ০৮/২০২৩ দায়ের করেন। উক্ত আপিল মামলা নামঞ্জুরপূর্বক ইলেকশন ট্রাইব্যুনাল মোকদ্দমা নং ১৯/২০২২-এর আদেশ বহাল থাকায় পিটিশনার সংস্কৃক হয়ে রিট পিটিশন নং ৩১০১/২০২৪ দায়ের করেন।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ৩১০১/২০২৪ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুল ও আরজি মোতাবেক দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্র সত্যায়িত করে দুই সেট পত্র প্রাপ্তির অনধিক ১৫(পনের) কার্যদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (8827/potrojariAttachmentRef/53936/0/2240)

৪-৫-২০২৪

পুরবী গোলদার

সিনিয়র সহকারী সচিব (রুটিন দায়িত্ব)

ফোন: ০২৫৫১০০৯৯৫

ইমেইল: lglaw1@lgd.gov.bd

জেলা প্রশাসক

জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০৪৯.২৪.৪০৬/১(৫)

তারিখ: ১৯ বৈশাখ ১৪৩১

০২ মে ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সহকারী সচিব, ইউনিয়ন পরিষদ -১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা (চলতি দায়িত্ব), অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



৪-৫-২০২৪

পূরবী গোলদার

সিনিয়র সহকারী সচিব (ব্লুটিন দায়িত্ব)